গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৩৮.০১০.০১৪.০৮.০০.০৬৬.২০১৫- তারিখ ২৪ ফাল্গুন ১৪২২ / ০৭ মার্চ ২০১৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর জন্য শুধুমাত্র কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নাধীন সময়ের জন্য (সর্বোচ্চ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত) সৃজিত পদসমূহে পদের পার্শ্বে বর্ণিত সম্মানী ভাতায় অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিচে পদ অনুযায়ী নিয়োগের প্রয়োজনীয় ন্যুনতম যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য বিবরণ উল্লেখ করা হলো:

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | সম্মানী | বয়সসীমা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | রিসোর্স পার্সন | ২৫ | অর্থ মন্ত্রণালয় হতে সর্বশেষ জারীকৃত উন্নয়ন প্রকল্পে কর্মরত জনবলের সাকুল্য বেতন স্কেল অনুযায়ী নির্ধারিত হবে। | ৫৯ বৎসর থেকে ৭০ বৎসর | ক) বি.এডসহ বিএ/বি.কম/বিএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যাত থাকতে হবে<br>খ) শুধুমাত্র অবসরপ্রাপ্ত পিটিআই সুপার, সহ:সুপার, ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, থানা/উপজেলা শিক্ষা অফিসার, সহকারী থানা/উপজেলা শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষক/শিক্ষিকাগণ (শুধুমাত্র পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয়) আবেদন করতে পারবেন।<br>গ) প্রশিক্ষণ প্রদানের যোগ্য সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

**শর্তসমূহ:**

১। রিসোর্স পার্সনগণ দেশের বিভিন্ন পিটিআইসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পিইডিপি-৩ কর্মসূচি/প্রকল্প চলাকালী সময়ের জন্য যা কর্তৃপক্ষ যে কোন সময় বাতিলের ক্ষমতা রাখেন। পিটিআইসমূহে নিয়মিত ইন্সট্রাক্টরগণ নিয়োগ লাভ করার সাথে সাথে এ সকল নিয়োগের অবসান ঘটবে।

২। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে; আবেদনপত্র যুগ্ম-সচিব (উন্নয়ন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, কক্ষ নং ৬১৬, ভবন নং-৬, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ২০.০৩.২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ে হাতে হাতে বা ডাক/কুরিয়ারযোগে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

৩। আবেদনপত্রের খামের উপরে আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৪। নিম্নলিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে:

(ক) প্রার্থীর নাম (এসএসসি অথবা সমমানের সনদ অনুসারে) :
(খ) পিতার নাম :
(গ) মাতার নাম :
(ঘ) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :
(ঙ) জন্ম তারিখ (এসএসসি অথবা সমমানের সনদ অনুসারে) :
(চ) ২০.০৩.২০১৬ তারিখে বয়স :.........বছর............মাস...........দিন।
(ছ) স্থায়ী ঠিকানা :
(জ) বর্তমান ঠিকানা :
(ঝ) মোবাইল নং :
(ঞ) ই-মেইল ঠিকানা :
(ট) জাতীয়তা :
(ঠ) শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | পরীক্ষার নাম | বিষয় | পাসের সন | প্রাপ্ত বিভাগ/শ্রেণি/গ্রেড | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

(ঙ) স্বাক্ষর, পূর্ণ নাম ও আবেদনের তারিখ :

৫। সাম্প্রতিক তোলা পার্সপোর্ট সাইজের অভিন্ন ৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। মুক্তিযোদ্ধা প্রার্থীরা নিয়োগে অগ্রাধিকার পাবেন। সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্রসহ অন্যান্য সত্যায়িত কাগজপত্র দাখিল করতে হবে।

৭। এলপিআর বা পিআরএল মঞ্জুর আদেশের সত্যায়িত কপি।

৮। সর্বশেষ যে কর্মস্থলে নিয়োজিত ছিলেন সে স্থানের ডিপিইও, টিইও, ইউইও কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৯। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বিএ/বিকম/বিএসসি বা সমমানের পরীক্ষা ও বিএড কৃতকার্যের মূল সনদপত্রের অনুলিপি।

১০। দরখাস্তের সঙ্গে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণারয় এর অনুকূলে অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকার ট্রেজারি চালান কোড নং- ১-২৪৩১-০০০০-২০৩১) অবশ্যই সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।

১১। অসত্য/ভূয়া তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভূয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভূয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। বিজ্ঞপ্তিতে জারীকৃত উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩। নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিগণ বাংলাদেশের যে কোন পিটিআইতে কাজ করতে বাধ্য থাকবেন। এই মর্মে একটি অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। তবে সাধারণভাবে আবেদনকারীর নিজ জেলায় পদায়নের জন্য প্রচেষ্টা নেয়া হবে।

১৪। প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত বা মৌখিক পরীক্ষার জন্য দিন ও স্থানসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে (www.dpe.gov.bd বা www.mopme.gov.bd) এসএমএস এর মাধ্যমে এবং ই-মেইলের মাধ্যমে জানানে া হবে। সাধারণভাবে এ সকল নিয়োগ ৩১ মার্চ ২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রচেষ্টা নেওয়া হবে। এ কারণে নিয়মিত ওয়েবসাইট, এসএমস বা ই-মেইলের দিকে নজর রাখার জন অনুরোধ জানানো হলো।

১৫। এটি নিয়মিত কোন সরকারি চাকুরী নয়। তবে ছুটি ও শৃঙ্খলাগত বিষয়াবলী সরকারি বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৬। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষা একই দিনে বা একই সাথে ঢাকায় অনুষ্ঠিত হবে।

১৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে বাধ্য নয়।

(নেছার আহমদ)
উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়